বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জনসংযোগ বিভাগ

**২৭ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৮৩তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **২৭ মার্চ ২০২৪** |
| সভার সময় | **সকাল ৯.০০ টা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভার সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক ২৮-২-২০২৪ তারিখে বিজিএফসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদানের পর তাঁর প্রথম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান এব সকলের সাথে পরিচিত হন। অতঃপর তিনি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে নিজ নিজ পরিচিতি প্রদানের অনুরোধ জানালে একে একে সকলে নিজেদের পরিচয় প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক সম্প্রতি মহাব্যবস্থাপক পদে পদোন্নতিপ্রাপ্ত প্রকৌ. মোহাম্মদ শাহিদুর রহমান চৌধুরী, মহাব্যবস্থাপক হিসেবে চলতি দায়িত্বপ্রাপ্ত প্রকৌ. মোঃ আশরাফুল আলম এবং মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব হিসেবে চলতি দায়িত্বপ্রাপ্ত জনাব মোঃ মোজাহার আলীকে অভিনন্দন জানান। এছাড়া, সম্প্রতি উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতিপ্রাপ্ত ২জন এবং ব্যবস্থাপক পদে পদোন্নতিপ্রাপ্ত ৪জন কর্মকর্তাকে অভিনন্দন জানান। তিনি সকলের আন্তরিক ও দায়িত্বশীল কর্মপ্রচেষ্টার মাধ্যমে কোম্পানির উত্তরোত্তর সমৃদ্ধি অর্জনের পাশাপাশি দেশের উন্নয়নে ভূমিকা রাখতে সমর্থ হবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ জানান। কোম্পানি সচিব জনাব মোঃ মোজাহার আলী ব্যবস্থাপনা পরিচালক ও সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণকে স্বাগত জানিয়ে বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১। | প্রধান কার্যালয় -গোকর্ণঘাট এলাকার Right of way। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way তে অস্থায়ী দখল আছে যেগুলো দখলমুক্ত করার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এ ভূমির মাপ-জোক সম্পাদন করে সীমানা পিলার বসানো যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | • প্রধান কার্যালয় - গোকর্ণঘাট এলাকার Right of way-এর ভূমি চিহ্নিতকরণ কাজ দ্রুত সম্পাদন করতে হবে।<br>• প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way-এর উপর বিদ্যমান স্থাপনা উচ্ছেদে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট)/(নিরাপত্তা) |
| ২.২। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পন্ন করে অস্থায়ী পিলার বসানো হয়েছে। এগুলো রিপ্লেস করে স্থায়ী পিলার বসানোর জন্য নথি উত্থাপন করা হয়েছে। তাছাড়া, মেঘনা ফিল্ডের ভূমিসমূহের সিএস থেকে বিএস রেকর্ড হালনাগাদ করার কার্যক্রম চলমান আছে। | • মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-তে স্থাপিত অস্থায়ী পিলারগুলো রিপ্লেস করে স্থায়ী আরসিসি পিলার বসানোর ব্যবস্থা নিতে হবে।<br>• মেঘনা ফিল্ডের ভূমিসমূহের সিএস থেকে বিএস রেকর্ড হালনাগাদ করার কার্যক্রম সম্পর্কে নিয়মিতভাবে সভাকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ২.৩। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখা। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way-র সার্ভে কার্যক্রমের জন্য সার্ভেয়ার নিয়োজিত করা হয়েছে এবং মাপ জোক সম্পাদনের কাজ চলমান আছে।<br><br>কামতা ফিল্ডের মেইন গেট সংলগ্ন কোম্পানির অংশের ভূমির নামজারি হয়েছে। উক্ত ভূমি বাউন্ডারির ভিতরে আনার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | • কামতা ফিল্ডের Right of way-সহ ভূ-সম্পত্তির সার্ভে কার্যক্রম সরকারি আমীন দ্বারা দ্রুত সম্পাদন করতে হবে।<br>• কামতা ফিল্ডের মেইন গেট সংলগ্ন সদ্য নামজারিকৃত ভূমি কোম্পানির বাউন্ডারির ভিতরে আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৪। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডের কনডেনসেট ফ্রাকশনেশনের মাধ্যমে রিজার্ভ ট্যাংকিতে জমা থাকা অতি পুরনো প্রায় ৮০,০০০.০০ লিটার ডিজেল সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক পিক-আপ, ট্রাক, ট্রেইলার, ক্রেন, পাম্পে ব্যবহারের ক্ষেত্রে সমস্যা পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, উপর্যুক্ত ডিজেলের মান পরীক্ষণ, ব্যবহারযোগ্যতা নিরূপণ অথবা অবলোপন বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় মতামত প্রকাশ করা হয়। | তিতাস ফিল্ডের রিজার্ভ ট্যাংকিতে জমা থাকা অতি পুরনো প্রায় ৮০,০০০.০০ লিটার ডিজেলের কোয়ালিটি পরীক্ষণ, ব্যবহারযোগ্যতা নিরূপণ অথবা অবলোপন বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) উপমহাব্যবস্থাপক (ল্যাব)-আহ্বায়ক<br>খ) ব্যবস্থাপক (সিপি) তিতাস-সদস্য<br>গ) ব্যবস্থাপক (এইচভিএমটি)-সদস্য<br>ঘ) ব্যবস্থাপক (স্টোর একাউন্টস)-সদস্য-সচিব<br>ঙ) ব্যবস্থাপক (এনভায়রণমেন্ট)-সদস্য<br><br>কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে কমিটির প্রতিবেদন মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (প্রশাসন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ২.৫। | ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, ফেণী গ্যাস ফিল্ডের যাবতীয় সম্পদ বিজিএফসিএল-এর নথিভুক্ত বিধায় ফিল্ডটি বিজিএফসিএল-এর পরিচালনাধীনে আনার বিষয়ে পেট্রোবাংলাকে পত্র প্রদানের জন্য বোর্ড কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। | ফেণী গ্যাস ফিল্ড-কে বিজিএফসিএল-এর পরিচালনাধীনে আনার লক্ষ্যে পেট্রোবাংলা বরাবর পত্র প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অর্থ ও হিসাব)/ কোম্পানি সচিব |
| ২.৬। | বাপেক্স-এর সালদা নদী গ্যাস ফিল্ডে থাকা বিজিএফসিএল-এর গ্যাস প্রসেস প্লান্ট। | সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, বাপেক্স-এর সালদা নদী গ্যাস ফিল্ডে থাকা কোম্পানির ১টি গ্যাস প্রসেস প্লান্ট বাপেক্স-কে হস্তান্তর এবং কোম্পানির সম্পদের তালিকা হতে বাদ দেয়ার বিষয়ে গৃহীতব্য কার্যব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। | বাপেক্স-এর সালদা নদী গ্যাস ফিল্ডে থাকা কোম্পানির ১টি গ্যাস প্রসেস প্লান্ট বাপেক্স-কে হস্তান্তর এবং কোম্পানির সম্পদের তালিকা হতে বাদ দেয়ার বিষয়ে গৃহীতব্য কার্যব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) মহাব্যবস্থাপক (সিজি)-আহ্বায়ক<br>খ) উপমহাব্যবস্থাপক (হিসাব) সদস্য-সচিব<br>গ) ব্যবস্থাপক (পিএমটি)-সদস্য<br><br>কমিটি ১৫ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিবেদন মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করবে। | মহাব্যবস্থাপক (সিজি)/(পিডি)/(অর্থ ও হিসাব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৭। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড্ করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন। | কোম্পানির গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড্ করার নিমিত্ত গৃহীতব্য কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য বিগত সমন্বয় সভার নির্দেশনা অনুসরণে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/ স্থাপন বিষয়ে কমিটি গঠন করা হচ্ছে। | কোম্পানির গ্যাস ফ্লো-এর সেলস মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার স্থাপন করার লক্ষ্যে গৃহীতব্য কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য বিগত সমন্বয় সভার নির্দেশনা মোতাবেক কমিটি গঠন সংক্রান্ত অফিস আদেশ জারি করে কমিটির কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ২.৮। | নরসিংদী ফিল্ড : | | | |
| | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সেখানকার দালান-কোঠা অপসারণ। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের অধিগ্রহণতব্য ভূমির এক্যুইজিশন পেমেন্ট সহসাই পরিশোধ করা হবে মর্মে জানা গেছে। | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগ এবং আবাসন ব্যবস্থার ডিজাইন-ড্রইং প্রণয়নপূর্বক দ্রুত মহাব্যবস্থাপকগণের সভায় ২-ডি প্রেজেন্টেশন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| ২.৯। | হবিগঞ্জ ফিল্ড: | | | |
| | হবিগঞ্জ ফিল্ডের আন্ত-লোকেশন গ্যাস সংযোগ লাইন সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের আন্ত-লোকেশন গ্যাস সংযোগ লাইন সংস্কারের বিষয়ে গঠিত কমিটি সরেজমিন পরিদর্শন করে পাইপলাইনসমূহ পরীক্ষা করেছে। কমিটি ক্যাসিং-এর র‍্যাপিং কিছুটা নষ্ট হলেও টিউবিং-এর র‍্যাপিং ও ক্যাথডিক প্রোটেকশন যথাযথ পেয়েছেন মর্মে সভাকে অবহিত করে। এ সংক্রান্ত কমিটির প্রতিবেদন যথাশীঘ্র উপস্থাপন করা হবে। | এ সংক্রান্ত কমিটির প্রতিবেদন যথাশীঘ্র উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (হবিগঞ্জ) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | | |
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, "তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-ই এবং জি তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন" শীর্ষক প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে ইপিসি ঠিকাদারের অনুকূলে Goods অংশের জন্য ঋণপত্র খোলা হয়েছে। Service অংশের জন্য মার্কিন ডলার ৫,১৪,৬৪০.০০ এর এলসি খোলার অনুমোদন বাংলাদেশ ব্যাংকে প্রক্রিয়াধীন আছে। প্রকল্প সংশ্লিষ্ট ড্রয়িং ও ইঞ্জিনিয়ারিং ডিজাইন এর কাজ চলমান আছে। | দ্রুত Service অংশের জন্য ঋণপত্র স্থাপন, ইপিসি ঠিকাদারের নিকট হতে Advance Payment Guarantee গ্রহণ ও চুক্তিমূল্যের ১০% অগ্রীম পরিশোধের মাধ্যমে দ্রুত চুক্তি কার্যকর করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, প্রস্তাবিত ৪টি প্রকল্পের মধ্যে:<br><br>হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি সহসাই অনুমোদন হবে বলে আশা করা যাচ্ছে। ডিপিপি অনুমোদন প্রাপ্তির পর বাপেক্স-এর সাথে চুক্তি স্বাক্ষরকরত প্রকল্পের বাস্তব কাজ শুরু করা হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের আওতায় তিতাস-১৪নং কূপের ওয়ার্কওভার ১৯-৩-২০২৪ তারিখে শুরু হয়েছে। | তিতাস-১৪নং কূপের ওয়ার্কওভার কাজ সুষ্ঠু ও যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আর্থিক ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে ডিপিপি সহসাই অনুমোদন হবে বলে আশা করা যাচ্ছে। | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ের অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ের অনুমোদনের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ৩.৩। | ETP স্থাপন কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন সম্পন্ন হয়েছে। আলোচনাকালে বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপন কাজ যথাশীঘ্র শুরু করার জন্য উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কার্যক্রম দ্রুততার সাথে গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ (সিভিল) |
| ৩.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ও হবিগঞ্জ ফিল্ডের ECC নবায়ন কাজ প্রক্রিয়াধীন আছে। উপমহাব্যবস্থাপক (ইএস) ECC সংগ্রহের ক্ষেত্রে তার বাস্তব অভিজ্ঞতার আলোকে অভিমত ব্যক্ত করেন যে, কোম্পানির বিভিন্ন ফিল্ডসমূহসহ ভবিষ্যত উন্নয়ন কর্মপরিকল্পনা সম্পৃক্ত করে বিজিএফসিএল-এর নামে একটি ECC সংগ্রহ করা যেতে পারে। | কোম্পানির বিভিন্ন ফিল্ডসমূহসহ ভবিষ্যত উন্নয়ন কর্মপরিকল্পনা সম্পৃক্ত করে বিজিএফসিএল-এর নামে একটি ECC সংগ্রহ করার বিষয়ে করণীয় সম্পর্কে আগামী সভায় অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৫। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, ইএস বিভাগ কর্তৃক কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের বিষয়ে একটি প্রতিষ্ঠানের সাথে আলাপ হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহ করা যেতে পারে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য ফিল্ড/স্থাপনার জন্য Fire License সংগ্রহের কার্যব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের লক্ষ্যে গৃহীতব্য কার্যব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন জরুরি ভিত্তিতে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) |
| ৩.৬। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহ সচেষ্ট আছে। APA এর আওতাধীন NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি, RTI প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা চাওয়া হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৭। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, গত ১৭-৪-২০২৩ তারিখ হতে কোম্পানিতে ডি-নথি চালু করা হয়েছে। ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। | ডি-নথির বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ) |
| ৪.০। | রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন : | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফট্ওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)এব ং সংশ্লিষ্ট কমিটি |
| ৪.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৩টি কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৪.৩। | কোম্পানির স্ক্র্যাপ মালামাল অপসারণ। | কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৫.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড হালনাগাদ করা। | উপমহাব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে বেশ কিছু ভূ-সম্পত্তির বিএস রেকর্ড সম্পাদন করা হয়েছে মর্মে উপমহাব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য প্রয়োজনীয় যে কোন কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আপডেট তথ্য-উপাত্ত কর্তৃপক্ষ বরাবর নিয়মিতভাবে পেশ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| ৬.০। | প্রশাসন ডিভিশন: | | | |
| ৬.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্তের কোনরূপ পরিবর্তন/ সংশোধনের প্রয়োজন হলে এ বিষয়ে লিখিত আবেদন ডিভিশনাল প্রধানের মাধ্যমে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন) |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব দ্রুত মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৬.৩। | নিরাপত্তা বিভাগ : | | | |
| | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার স্বার্থে কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা আয়োজন এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন প্রয়োজন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিকতর তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৪। | মেডিক্যাল বিভাগ : | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৭.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | | |
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ করা হয়। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে আন্তরিক হতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

আলোচ্যসূচির উপর আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণসহ অন্যান্য সকলের প্রতি নিম্নোক্ত দিকনির্দেশনাসমূহ প্রদান করেনঃ

- দেশের জ্বালানি চাহিদার প্রেক্ষাপট বিবেচনায় গ্যাসের উৎপাদন বৃদ্ধি/বর্তমান উৎপাদন অব্যাহত রাখতে হবে;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং এর ৫টি টুলস এর কর্মপরিকল্পনার শতভাগ বাস্তবায়ন করতে হবে;
- সকল ক্রয় ও সেবা সংক্রান্ত কাজ বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে;
- অফিস সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- সকল স্থাপনার নিরাপত্তা কার্যক্রমে কেপিআই নীতিমালার যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং সেফটি ও সিকিউরিটির বিষয়টি বিশেষ নজরদারিতে রাখতে হবে;
- আন্তঃব্যক্তিক সুসম্পর্ক বজায় রেখে কর্মপরিবেশ সুন্দর রাখতে হবে।

পরিশেষে সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

১৫-০৪-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৪.৪৯

তারিখ: ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক(উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়ক, উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;

৭। ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;

৮। ব্যবস্থাপক (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং

৯। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৫-০৪-২০২৪
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)